গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষ্মীপুর

এবং

চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৪ - ৩০জুন, ২০২৫

CamScanner

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠানং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ১ |
| প্রস্তাবনা | ২ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি | ৩ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব | ৪ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ৫-৯ |
| সংযোজনী ১: শব্দ সংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১১-১২ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৩ |
| সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | ১৪ |
| সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | ১৫ |
| সংযোজনী ৬: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | ১৬ |
| সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | ১৭ |
| সংযোজনী ৮: সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ | ১৮ |


CamScanner

# লক্ষ্মীপুর জেলা রাজস্ব প্রশাসনের, কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Lakshmipur District Revenue Administration)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩বছর) প্রধান অর্জনসমূহ :** ভূমি সংক্রান্ত আইন কানুন এবং ভূমি ব্যবস্থাপনায় দক্ষতা অর্জনের লক্ষ্যে ভূমি প্রশাসনের সাথে সংশ্লিষ্ট ৩৫ জন কর্মকর্তা/ কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিগত ৩ (তিন) বছরের প্রধান অর্জনসমূহের মধ্যে ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে ৩,১৭৯ জন ভূমিহীন পরিবারকে ১২৩.০৩ একর জমি বন্দোবস্ত প্রদান, ৩,৩৭৮টি গৃহহীন পরিবারকে 'ক' শ্রেণীর গৃহ প্রদান, ৩২,৭৪,৪৬,৩৭৩/- টাকা মূল্যমানের খাস জমি অবৈধ দখলদারমুক্তকরণ, ব্যক্তি পর্যায়ে ২৩,৯০,৪৭,২৩১/- টাকা এবং সংস্থার খাতে ১.৬৬,৫৪,৪৩৪/- টাকা ভূমি উন্নয়ন কর আদায়করণ, ভূমি অফিসের ৪,৬৯,৮২৩টি হোল্ডিং ও ১,৬৬,৬৩৯টি খতিয়ান অনলাইনে ডাটা এন্ট্রি করা হয়েছে। ভূমি অফিসসমূহকে জনবান্ধব করার জন্য অফিসসমূহকে সংস্কার করা হয়েছে। প্রতিটি উপজেলা ভূমি অফিসের রেকর্ডসমূহ বছরওয়ারী ও ক্রমানুযায়ী নথিসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে। এর ফলে যে কোন রেকর্ড অতি অল্প সময়ের মধ্যে খুঁজে বের করা সম্ভব হচ্ছে। উপজেলা/ সার্কেল ভূমি অফিস এবং বিদ্যুৎ সংযোগপ্রাপ্ত ইউনিয়ন/ পৌর ভূমি অফিসসমূহে আইটি নেটওয়ার্কিং স্থাপনের আওতায় আনা হয়েছে। উপজেলা ভূমি অফিস ও উক্ত ভূমি অফিসসমূহের অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিস সমূহে হয়রানিমুক্ত ভাবে ই-নামজারীর কার্যক্রম শতভাগ চলমান আছে। প্রতিটি উপজেলা ভূমি অফিসে সেবার মান বৃদ্ধি ও জনবান্ধব পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে সিটিজেন চার্টার, অভিযোগ বাক্স স্থাপন, নামজারি ও মিস কেইস শুনানির তারিখ সম্বলিত ডিসপ্লে বোর্ড, তাৎক্ষণিক সমাধান কেন্দ্র ও হেল্প ডেস্ক স্থাপন এবং সেবা প্রার্থীদের বসার ব্যবস্থা করার মাধ্যমে সেবা গ্রহণ সহজ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:** লক্ষ্মীপুর জেলার ৫৮ টি ইউনিয়নের মধ্যে ১২ টি ইউনিয়নে ভূমি অফিস নেই, যা সমগ্র জেলার মাঠ পর্যায়ে সুষ্ঠুভাবে ভূমি সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে একটি অন্তরায়। সহকারী কমিশনার (ভূমি)গণের নিজস্ব কোন বাসভবন নেই। কানুনগো, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তার পদ শূন্য থাকায় ভূমি ব্যবস্থাপনায় প্রত্যাশিত সাফল্য অর্জন ব্যাহত হচ্ছে। এ জেলায় ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণের অভাব রয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:** ই-ভূমি সেবা প্রদানের জন্য সকল পর্যায়ে One Stop Service চালু করা হবে। উপজেলা/ সার্কেল ভূমি অফিস এবং বিদ্যুৎ সংযোগপ্রাপ্ত ইউনিয়ন/ পৌর ভূমি অফিসসমূহে আইটি নেটওয়ার্কিং স্থাপনের আওতায় আনা হবে। ভূমি ব্যবস্থাপনা সহজীকরণের লক্ষ্যে ডিজিটাল কার্যক্রমের অংশ হিসেবে Land Information Management System (LIMS) এর আওতায় ভূমি প্রশাসন ও ভূমি ব্যবস্থাপনায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য উপাত্ত সম্বলিত ডিজিটাল তথ্য ভান্ডার প্রস্তুত করা হবে। স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করণের মাধ্যমে স্মার্ট ল্যান্ড ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় ভূমি সেবার মান উন্নীত করাসহ উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হবে।

**২০২৪-২০২৫ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- ভূমি ব্যবস্থাপনা অটোমেশন শীর্ষক প্রকল্পের আওতায় অনলাইনে হোল্ডিংসমূহের ডাটা এন্ট্রি ১০০% সম্পন্ন করা;
- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি১০০%বাস্তবায়ন।
- রাজস্ব সংগ্রহ বৃদ্ধি করা।
- দারিদ্র বিমোচনের কৌশল হিসেবে লক্ষ্মীপুর জেলাকে ভূমিহীনমুক্ত ঘোষণা করে ভূমিহীন পরিবারের সংখ্যা শূন্য পর্যায়ে নিয়ে আসা।
- অনলাইনে সফটওয়্যারে শতভাগ হোল্ডিং এর ডাটা এন্ট্রিকরণ।
- উদ্ভাবনী আইডিয়া সৃজন ও বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রদান সহজীকরণের উদ্যোগ গ্রহণ করা।
- তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন করা।
- 'সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প'- এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নতুন ভবন নির্মাণের মাধ্যমে অবকাঠামোগত উন্নয়ন।



CamScanner

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাব দিহিতা জোরদার করা, সুশাসন সংহত করণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষ্মীপুর

এবং

চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড

এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের.........২৬.........তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তিস্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প:**

দক্ষ, স্বচ্ছ এবং জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা

**১.২ অভিলক্ষ্য:**

ভূমি ব্যবস্থাপনায় আধুনিক ও টেকসই প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জনবান্ধব ভূমি সেবা নিশ্চিতকরণ

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ:**

১) ভূমি ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি

২) রাজস্ব সংগ্রহ বৃদ্ধি

৩) ভূমিহীন পরিবারের সংখ্যা হ্রাস

৪) ভূমি বিরোধ হ্রাস

সুশাসন ও সংস্কার মূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

১) সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রম জোরদার করণ

**১.৪ কার্যাবলি: (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)**

১) খতিয়ান হালনাগাদ করণ;

২) ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির নিমিত্ত প্রশিক্ষণ প্রদান;

৩) পরিদর্শন, পরিবীক্ষণও তদারকি;

৪) মাসিক রাজস্ব সম্মেলন;

৫) সায়রাত মহল ব্যবস্থাপনা;

৬) ভূমি উন্নয়ন করের দাবী নির্ধারণ ও আদায়;

৭) কর বহির্ভূত রাজস্ব আদায়;

৮) রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তি;

৯) অনলাইন সফটওয়্যারে হোল্ডিং এর  ডাটা এন্ট্রি সম্পন্নকরণ ও অনলাইনভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা;

১০)ভূমি বিরোধ হ্রাসের নিমিত্ত মিসকেস নিষ্পত্তি;

১১) কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান;

১২) ভূমিহীন পুনর্বাসন।



CamScanner

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্তফলাফল/প্রভাব

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্তমন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| হালনাগাদকৃত ভূমি স্বত্ব | হালনাগাদকৃত খতিয়ান | % | ৭২ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | জনপ্রশাসন মন্ত্রণালয়/বিভাগীয় কমিশনারের কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়/উপজেলা ভূমি অফিস | জেলা কার্যালয়সমূহের প্রতিবেদন/ভূমি সংস্কার বোর্ড-এর বার্ষিক প্রতিবেদন |
| রাজস্ব বৃদ্ধি | আদায়কৃত ভূমি উন্নয়ন কর | % | ৯৭ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | জনপ্রশাসন মন্ত্রণালয়/বিভাগীয় কমিশনারের কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয় | জেলা কার্যালয়সমূহের প্রতিবেদন/ভূমি সংস্কার বোর্ড-এর বার্ষিক প্রতিবেদন |



CamScanner

## সেকশন-৩: কর্মসম্পাদন পরিকল্পনা
## (মোট মান-৭০)

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২০২৫ | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২৫-২৬ | প্রক্ষেপণ (Projection) ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| সংশ্লিষ্ট দপ্তরের কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] ভূমি ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি | ২৫ | [১.১] খতিয়ান হালকরণ | [১.১.১] ই-মিউটেশনের মাধ্যমে নিষ্পত্তিকৃত নামজারি ও জমাখারিজের আবেদন | গড় | % | ৪ | ৮৫ | ৯৭ | ৯৭ | | | | | ৯৮ | ৯৯ |
| | | | [১.১.২] ই-মিউটেশনের অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | | | | | ৪ | ৪ |
| | | | [১.১.৩] ই-মিউটেশনের অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | গড় | % | ১ | ১০০ | ৯০ | ৯৫ | ৯৩ | | | | ৯৬ | ৯৮ |
| | | | [১.১.৪] উপজেলা ভূমি অফিসে হালনাগাদকৃত খতিয়ান | গড় | % | ১ | ৮৫ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | | | [১.১.৫] জেলা রেকর্ড রুমে হালনাগাদকৃত খতিয়ান | গড় | % | ১ | ৭৩ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | | [১.২]ভূমিব্যবস্থাপনার সাথেজড়িত কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ | [১.২.১] রাজস্ব প্রশাসনের অন্যান্য কর্মচারী প্রশিক্ষণপ্রাপ্ত | সমষ্টি | সংখ্যা | ৪ | ১৪ | ৩৫ | ৩৮ | ৩৬ | | | | ৪০ | ৪২ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২৪-২০২৫ | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২৫-২৬ | প্রক্ষেপণ (Projection) ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | [১.৩]পরিদর্শন | [১.৩.১] অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | ৬০ | ৬০ | ৬০ | | | | | ৬০ | ৬০ |
| | | | [১.৩.২] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | ২৪০ | ২৪০ | ২৪০ | | | | | ২৪০ | ২৪০ |
| | | | [১.৩.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | গড় | % | ২ | ৬৬ | ৭১ | ৯০ | ৮৫ | ৭৫ | | | ৯৫ | ৯৮ |
| | | [১.৪] মাসিক রাজস্ব সম্মেলন | [১.৪.১] জেলা মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | | | | | ১২ | ১২ |
| | | | [.১.৪.২] উপজেলা মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | ৬০ | ৬০ | ৬০ | | | | | ৬০ | ৬০ |
| | | [১.৫] সায়রাত মহল ব্যবস্থাপনা | [১.৫.১] জল মহাল ইজারাকৃত | গড় | % | ২ | ৬৫ | ৬৫ | ৭০ | ৬৮ | | | | ৭০ | ৭২ |
| | | | [১.৫.২] হাট-বাজার ইজারাকৃত | গড় | % | ১ | ৮৪ | ৭৪ | ৮৫ | ৮৪ | | | | ৮৮ | ৯০ |
| | | [১.৬] অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশিট জবাব প্রেরণ | [১.৬.১] অডিট আপত্তিরব্রডশিট জবাব প্রেরিত | গড় | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | ১৯ | [২.১] ভূমি রাজস্ব আদায় | [২.১.১] আদায়কৃত ভূমি উন্নয়ন কর(সাধারণ) | সমষ্টি | টাকা (কোটি) | ৫ | ৭.৯৩ | ৭.৯৮ | ৮.৩০ | ৮.২০ | ৮.০০ | | | ৮.৪০ | ৮.৫০ |
| | | | [২.১.২] আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সংস্থা) | সমষ্টি | টাকা (কোটি) | ৩ | ০.৯৬ | ০.৯৭ | ১.০০ | ০.৯৮ | | | | ০.৯৮ | ০.৯৯ |
| | | | [২.১.৩] আদায়কৃত কর বহির্ভূত রাজস্ব | সমষ্টি | টাকা (কোটি) | ৩ | ৩.৯৫ | ৩.৯৬ | ৩.৯৮ | | | | | ৩.৯৮ | ৪.০০ |
| | | | [২.১.৪] অর্পিত সম্পত্তির লীজ নবায়ন থেকে আয় | সমষ্টি | টাকা (লক্ষ) | ২ | ৩৭.৬২ | ৩০.৬৮ | ৩৮.০০ | ৩৭.৯০ | ৩৭.৭০ | | | ৩৮.৩০ | ৩৮.৪০ |



CamScanner

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২০২৫ | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২৫-২৬ | প্রক্ষেপণ (Projection) ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| [২]রাজস্ব সংগ্রহ বৃদ্ধি | | [২.২] রেন্ট সার্টিফিকেট কেস নিষ্পত্তি | [২.২.১] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক রেন্ট সার্টিফিকেট কেস নিষ্পত্তিকৃত | গড় | % | ২ | ৮০ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | | | [২.২.২] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক রেন্ট সার্টিফিকেট কেস নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | | | | | ৪ | ৪ |
| | | | [২.২.৩] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক রেন্ট সার্টিফিকেট কেস নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | গড় | % | ২ | ৮০ | ৮০ | ৮৫ | ৮৩ | ৮০ | | | ৮৫ | ৮৬ |
| [৩] ভূমিহীন পরিবারের সংখ্যা হ্রাস | ১২ | [৩.১] কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান প্রদান | [৩.১.১] কৃষি খাস জমি বন্দোবস্তকৃত | সমষ্টি | একর | ৩ | ২৪.০০ | ৩.৯১ | ৪.০০ | | | | | ৪.০৩ | ৪.০৬ |
| | | | [৩.১.২] সনাক্তকৃত ভূমিহীন | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২২০ | ১০৯ | ১১১ | | | | | ১১২ | ১১৩ |
| | | | [৩.১.৩] নিষ্পত্তিকৃত বন্দোবস্ত মোকদ্দমা | গড় | % | ৩ | ৬৩ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | | | [৩.১.৪] মালিকানা দলিল হস্তান্তরিত | গড় | % | ৩ | ৮১ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| [৪] ভূমি বিরোধ হ্রাস | ১৪ | [৪.১] ভূমি বিরোধ নিষ্পত্তি | [৪.১.১] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক মিসকেস নিষ্পত্তিকৃত | গড় | % | ৪ | ৮০ | ৯৫ | ৯৬ | | | | | ৯৭ | ৯৮ |
| | | | [৪.১.২] অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক মিসকেস নিষ্পত্তিকৃত | গড় | % | ৪ | ৬০ | ২৮ | ৬০ | | | | | ৬১ | ৬৩ |
| | | | [৪.১.৩] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক দেওয়ানি মামলার এস এফ প্রেরিত | গড় | % | ৩ | ৯০ | ৯৭ | ৯১ | | | | | ৯৮ | ৯৯ |
| | | | [৪.১.৪] অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক দেওয়ানি মামলার এস এফ প্রেরিত | গড় | % | ৩ | ৯০ | ৯৭ | ৯২ | ৯১ | | | | ৯৮ | ৯৯ |

**সুশাসন ও সংস্কার মূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)**

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [১] সুশাসনওসংস্কারমূলককার্যক্রমেরবাস্তবায়নজোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্ম পরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |

আমি, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষ্মীপুর হিসেবে চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড এর নিকট অঙ্গীকার করছিযে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড হিসেবে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষ্মীপুর এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

.......................................
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
(পদ্মাসন সিংহ)
পরিচিতি নং-১৭৫৮৫
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
লক্ষ্মীপুর

তারিখঃ ২৩/০৬/২০২৪ খ্রি:

.......................................
চেয়ারম্যান
ভূমি সংস্কার বোর্ড
(মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ)
চেয়ারম্যন (সচিব)
ভূমি সংস্কার বোর্ড
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখঃ 23/06/2024